গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন অধিদপ্তর
এফ-১২/সি-১, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েব সাইট : www.dos.gov.bd

স্মারক নং- ১৮.১৭.০০০০.০১৬.৯৯.০৬৯.২৩. 860 তারিখ: ২৭/০৭/২০২৬ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

নৌপরিবহন অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং এর আওতাধীন আঞ্চলিক নৌযান সার্ভে এন্ড রেজিস্ট্রেশন/পরিদর্শন কার্যালয়ের জন্য ২০২৬-২০২৭ অর্থ বছরের সকল ধরনের পণ্য, কার্য, ভৌত সেবা এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের জন্য আগ্রহী প্রতিষ্ঠান সমূহের নিকট হতে তালিকাভূক্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে। অধিদপ্তরের তালিকাভুক্ত প্রতিষ্ঠান হিসাবে ইতোপূর্বে তালিকাভূক্তদের নবায়ন করতে হবে এবং আগ্রহী নতুন প্রতিষ্ঠান সমূহকে তালিকাতে অন্তর্ভূক্তির জন্য আবেদন করতে হবে। আবেদনের সাথে নিম্ন বর্ণিত দলিলাদি সংযুক্ত করতে হবে:-

১। নবায়নের জন্য ফি বাবদ প্রদানকৃত ২০০০/- (দুই হাজার) টাকা এবং নতুন অন্তর্ভুক্তির জন্য ৫০০০/- (পাঁচ হাজার) টাকা নৌপরিবহন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রতিষ্ঠানিক কোড নং-১৫২০২০১১৩২৩১৯ এবং অর্থনৈতিক কোড নং-১৪৪১২৯৯ (অন্যান্য আদায়) বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের মাধ্যমে জমাকৃত ট্রেজারী চালান কপি দিতে হবে।

২। নতুন তালিকাভুক্তির জন্য প্রতিষ্ঠানের হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, আয়কর প্রদানের প্রত্যয়ন পত্র, ভ্যাট রেজিষ্ট্রেশন, সরকারি, আধা-সরকারি অথবা কোন স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যে কোন ধরনের পণ্য, কার্য, ভৌত সেবা এবং বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয় কাজ সম্পাদনের ০১ টি অভিজ্ঞতার সনদ অবশ্যই দাখিল করতে হবে। এক্ষেত্রে কার্যাদেশ/Notification of Award/চুক্তির কপি গ্রহণযোগ্য হবে না। মিথ্যা তথ্য ও জাল সনদ দাখিলকারী প্রতিষ্ঠানকে অত্র অধিদপ্তরের কালো তালিকাভূক্ত করা হবে।

৩। ব্যাংক সলভেন্সির কপি এবং লিমিটেড কোম্পানির ক্ষেত্রে অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

আগ্রহী প্রতিষ্ঠানসমূহ আগামী ১০-০৮-২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

সাইফুল আহমাদ
পরিচালক (রুটিন দায়িত্ব)

বিতরণঃ
১. প্রকৌশলী মোঃ নজরুল ইসলাম, সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২. পিএস টু মহাপরিচালক নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।

CamScanner